দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 FEB 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

# প্রধান শিক্ষকের বিরুদ্ধে বই বিক্রির অভিযোগ

■ বরগুনা (উত্তর) প্রতিনিধি

বরগুনার আমতলী উপজেলার মাইঠা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মতিয়ার রহমান গাজী স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য বিনামূল্যে বিতরণকৃত বই শুক্রবার সকালে ফেরিওয়ালাদের নিকট বিক্রি করে দেন। ফেরিওয়ালা বই নিয়ে যাওয়ার সময় স্থানীয়রা ফেরিওয়ালার ভ্যানটিকে আটক করে। এ সময় বস্তার মধ্যে ২০১৬ সালের ৫ম শ্রেণির ২০টি, দ্বিতীয় শ্রেণির ১৮টি, ৪র্থ শ্রেণির ২৮টি ও ২০১৫ সালের তিন বস্তা বই পাওয়া যায়। স্থানীয়রা বইগুলো আটক করে স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি মো. নাসিরউদ্দিন গাজীকে জানায়। ফেরিওয়ালা সিদ্দিক জানান, প্রধান শিক্ষক মো. মতিয়ার রহমান গাজী ৯ টাকা কেজি দরে আমার কাছে বইগুলো বিক্রি করে দেন। আমি মতি স্যারকে এই বই কেনা বাবদ নগদ ১৭০০ টাকা দিয়েছি।

আমতলী উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মো. জাহিদ হোসেন জানান, ঘটনা তদন্তসাপেক্ষ ব্যবস্থা নেয়া হবে। বরগুনা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আব্দুল মজিদ বলেন, সরকারি বই বিক্রি করা যাবে না। প্রধান শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। বরগুনা জেলা প্রশাসক ড. মোহা. বশিরুল আলম বলেন, সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে কথা বলে ব্যবস্থা নেয়া হবে। সরকারি বই কোনক্রমেই বিক্রি করা যাবে না।